




## রাশিয়ার কামচাটকায় ৭.১ মাত্রার ভূমিকম্প, সুনামি সতর্কতা নেই



সংগৃহীত ছবি

রাশিয়ার কামচাটকা উপদ্বীপে ৭.১ মাত্রার ভূমিকম্প আঘাত হেনেছে। জার্মান গবেষণা সংস্থা জিএফজেড এবং মার্কিন ভূতাত্ত্বিক জরিপ সংস্থা ইউএসজিএস মাত্রা ও গভীরতা নিয়ে ভিন্ন তথ্য দিলেও জাপান জানিয়েছে, সুনামির কোনো আশঙ্কা নেই।

রাশিয়ার কামচাটকা অঞ্চলের পূর্ব উপকূলে শনিবার (১৩ সেপ্টেম্বর) সকালে তীব্র ভূমিকম্প আঘাত হানে। জার্মান রিসার্চ সেন্টার ফর জিওসায়েন্সেস (জিএফজেড) জানায়, ভূমিকম্পটির মাত্রা ছিল ৭ দশমিক ১ এবং এর গভীরতা ছিল প্রায় ১০ কিলোমিটার। তবে মার্কিন ভূতাত্ত্বিক জরিপ সংস্থা (ইউএসজিএস) ভূমিকম্পটির মাত্রা ৭ দশমিক ৪ এবং গভীরতা ৩৯.৫ কিলোমিটার বলে উল্লেখ করেছে।

ভূমিকম্পের উৎপত্তিস্থল ছিল প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের ভূমিকম্পপ্রবণ অংশ। তা সত্ত্বেও জাপানের আবহাওয়া অধিদপ্তর জানিয়েছে, এই ভূমিকম্পের কারণে জাপানে কোনো সুনামি সতর্কতা জারি করা হয়নি।

উল্লেখ্য, এর আগে গত জুলাইয়ে একই এলাকায় ৮ দশমিক ৮ মাত্রার একটি শক্তিশালী ভূমিকম্প আঘাত হেনেছিল। তখন প্রশান্ত মহাসাগরের বিভিন্ন অঞ্চলে সুনামি সতর্কতা জারি করা হয়েছিল। তবে এবারের ভূমিকম্পে এখন পর্যন্ত কোনো ক্ষয়ক্ষতি বা হতাহতের খবর পাওয়া যায়নি।